দৈনিক খবর

তারিখ ... 0 3 NOV 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

22

44

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে পরীক্ষা অনুষ্ঠানের দাবী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ও সাধারণ ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম এ ফাইনাল ও অনার্স ফাইনাল পরীক্ষার্থীরা উপাচার্য এম মনিরুজ্জামান মিঞার কাছে এক স্মারকলিপি পেশ করেছে। খায়রুল ইসলাম চৌধুরী রূপম, ওমর ফারুক ও মামুনুর রশীদের

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

নেতৃত্বে ছাত্ররা এ স্মারকলিপি পেশ করে।

ছাত্ররা ভিসির কাছে অভিযোগ করেন, সন্ত্রাসের কারণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা পিছিয়ে যাচ্ছে এবং ছাত্রজীবন অনিশ্চয়তার দিকে চলে যাচ্ছে। এ অবস্থায় যদি পরীক্ষা গ্রহণের ব্যাপারে বিকল্প চিন্তা করে বিশ্ববিদ্যালয় এলাকার আশেপাশে কোন প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠিত হয়, তাহলে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার ব্যবস্থাও নিশ্চিত হবে।

উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা এ ব্যাপারে বিভিন্ন মহলের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেয়ার আশ্বাস দেন।